বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

এলপি গ্যাস লিমিটেড

চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
এবং
ব্যবস্থাপনা পরিচালক, এলপি গ্যাস লিমিটেড এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮

সূচিপত্র

ক্রমিক নং	বিবরণী	পৃষ্ঠা নং
১	এলপি গ্যাস লিমিটেড এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
২	উপক্রমণিকা (Preamble)	৪
৩	সেকশন ১ ঃ কোম্পানীর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions)	৫
৪	সেকশন ২ ঃ কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ	৬
৫	সংযোজনী ১ ঃ শব্দসংক্ষেপ (Acronyms)	১০
৬	সংযোজনী ২ ঃ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতির বিবরণ	১১
৭	সংযোজনী ৩ ঃ কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা	১২

এলপি গ্যাস লিমিটেড এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of LP Gas Limited)

সাম্প্রতিক অর্জন, সমস্যা ও চ্যালেঞ্জসমূহ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (বিগত তিন বছরের) প্রধান অর্জনসমূহ ঃ

সরকার ২০২১ সালের মধ্যে দেশকে মধ্যম আয়ের দেশে রূপান্তরের জন্য রূপকল্প-২০২১ বাস্তবায়ন করছে। রূপকল্প বাস্তবায়নের অন্যতম প্রধান উপাদান হলো সর্বক্ষেত্রে জ্বালানি সরবরাহ নিশ্চিত করা। বিপিসি'র অঙ্গপ্রতিষ্ঠান হিসেবে পরিচালিত এলপি গ্যাস লিমিটেড ১৯৭৭-৭৮ সাল থেকে সরকারি খাতে অভ্যন্তরীণ উৎস হতে উৎপাদিত এলপিজি বোতলজাতকরণ পূর্বক বিপিসি'র নিয়ন্ত্রণে পরিচালিত বিপণন কোম্পানীসমূহকে বাজারজাতকরণের জন্য সরবরাহ করে আসছে। এলপি গ্যাস লিমিটেড ২০১৪-১৫, ২০১৫-১৬ এবং ২০১৬-১৭ (মার্চ পর্যন্ত) তিন অর্থ বছরে অভ্যন্তরীণ উৎস থেকে উৎপাদিত মোট ৪৬,২২৩.০০ মেঃ টন এলপিজি বোতলজাত করে সারাদেশে ভোক্তাসাধারণের দোরগোড়ায় পৌছানোর লক্ষ্যে বিপণন কোম্পানীসমূহকে সরবরাহ করেছে।

সমস্যা ও চ্যালেঞ্জসমূহ ঃ

প্রাকৃতিক গ্যাসের সল্পতা, সারাদেশে ব্যয়বহুল গ্যাস সঞ্চালন নেটওয়ার্ক নির্মাণ এবং পরিবেশের ভারসাম্য রক্ষায় বনাঞ্চল ধ্বংসরোধ কল্পে সরকার ইতিমধ্যে গার্হস্থ্য রান্নার কাজে লাইন গ্যাসের বিকল্প হিসেবে সর্বস্তরে বোতলজাত এলপিজি সরবরাহের নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছে। লাইন গ্যাস সংযোগ বন্ধকরণ এবং বিকল্প হিসেবে দেশের সকল ভোক্তাসাধারণের দোরগোড়ায় সহজ ও সুলভ মূল্যে পরিচ্ছন্ন ও নিরাপদ গৃহস্থালি জ্বালানি হিসেবে এলপিজি সরবরাহ করা সরকারের জন্য বড় চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা ঃ

দেশে বর্তমানে প্রায় দশ লক্ষ মেঃ টন এলপি গ্যাসের চাহিদা রয়েছে যা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে এবং লাইন গ্যাস বন্ধ করা হলে এ চাহিদা গুণিতক হারে বৃদ্ধি পাবে। দেশের প্রায় ১৬ কোটি জনসাধারণের গৃহস্থালি জ্বালানির ব্যাপক চাহিদা পূরণের লক্ষ্যে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানকে একযোগে কাজ করতে হবে। এ লক্ষ্যে বেসরকারি পর্যায়ে এলপিজি বটলিং প্ল্যান্ট নির্মাণ, এলপিজি আমদানি, বোতলজাত ও বাজারজাত করা উন্মুক্ত করা হয়েছে। পাশাপাশি সরকারি পর্যায়ে স্থানীয় উৎস হতে উৎপাদিত এলপিজি বোতলজাত ও বাজারজাতকরণ ছাড়াও চট্টগ্রাম ও মংলায় প্রতিটি বার্ষিক ১.০০ (এক) লক্ষ মেঃ টন উৎপাদন ক্ষমতার ২টি আমদানি নির্ভর এলপিজি বটলিং প্ল্যান্ট নির্মাণের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ভবিষ্যতে পায়রা বন্দর এলাকায় প্রায় ২৫ একর জমির উপর ১ম পর্যায়ে বার্ষিক ২.০০ (দুই) লক্ষ মেঃ টন উৎপাদন ক্ষমতার একটি আমদানি নির্ভর এলপিজি প্রকল্প গ্রহণ করা হবে, যা ২য় পর্যায়ে ৪.০০ (চার) লক্ষ মেঃ টনে উন্নীত করা হবে।

২০১৭-১৮ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ ঃ

১। মংলায় বার্ষিক ১.০০ (এক) লক্ষ মেঃ টন উৎপাদন ক্ষমতার আমদানি নির্ভর একটি এলপিজি প্রকল্প যৌথ উদ্যোগে বাস্তবায়নের লক্ষ্যে যৌথ পার্টনার নির্বাচনের জন্য আহবানকৃত ইওআই গ্রহণ ও মূল্যায়ন করা হয়েছে। এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী আরএফপি প্রদান করতঃ যৌথ পার্টনার নির্বাচন করা হবে এবং প্রকল্প বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করা হবে।

২। পিপিপি'র আওতায় চট্টগ্রামের লতিফপুর মৌজায় গৃহিত বার্ষিক ১.০০ (এক) লক্ষ মেঃ টন উৎপাদন ক্ষমতার আমদানি নির্ভর এলপিজি বটলিং প্ল্যান্ট প্রকল্পটির জন্য ১০(দশ) একর খাস জমি অধিগ্রহণ করার কার্যক্রম প্রায় শেষ পর্যায়ে রয়েছে। জমি অধিগ্রহণের ফাইলটি বর্তমানে ভূমি মন্ত্রণালয়ের অনুমোদনের অপেক্ষায় রয়েছে এবং জমি অধিগ্রহণের কাজ শেষ হলে প্রকল্পটি বাস্তবায়নের জন্য পিপিপি অফিসের মাধ্যমে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করা হবে।

উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, এলপি গ্যাস লিমিটেড (বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের অঙ্গ প্রতিষ্ঠান)

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর মধ্যে ২০১৭ সালের
জুন মাসের ১৫/০৬/২০১৭ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন ঃ

সেকশন ১

কোম্পানীর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions) ঃ

১.১ রূপকল্প (Vision) ঃ

পরিচ্ছন্ন, নিরাপদ ও সহজে পরিবহণযোগ্য জ্বালানি হিসেবে অভ্যন্তরীণ উৎস হতে উৎপাদিত এবং আমদানিকৃত এলপিজি বোতলজাত করে পর্যায়ক্রমে দেশের সকল ভোক্তাসাধারণের দোরগোড়ায় সহজ ও সুলভ মূল্যে নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিতকরণ।

১.২ অভিলক্ষ্য (Mission) ঃ

অভ্যন্তরীণ উৎস হতে উৎপাদিত সমুদয় এলপিজি বোতলজাত ও বিতরণ করা এবং অতিরিক্ত চাহিদা পূরণের লক্ষ্যে এলপিজি আমদানির লক্ষ্যে টার্মিনাল নির্মাণপূর্বক আমদানিকৃত এলপিজি'র বিতরণ ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে দেশের জনগণের জন্য গৃহস্থালি জ্বালানির নিরাপত্তা নিশ্চিতকরণ।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) ঃ

১.৩.১ কোম্পানীর কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. গৃহস্থালি জ্বালানি হিসেবে বোতলজাত এলপিজি সরবরাহ নিশ্চিতকরণ।
২. বাল্ক এলপিজি'র পর্যাপ্ত আমদানি নিশ্চিতকরণ এবং জ্বালানি সাশ্রয়ী ও দক্ষ ব্যবস্থাপনা গড়ে তোলা।
৩. বৃহদাকার ভবনে রান্নার জ্বালানি হিসেবে এলপিজি'র নেটওয়ার্ক (রেটিকুলেটেড) ব্যবস্থা চালু করা।
৪. ক্ষুদ্র ও মাঝারি শিল্পের কাঁচামাল ও জ্বালানি হিসেবে সারাদেশে বাল্ক এলপিজি সরবরাহ করা।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন করা।
২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন করা।
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন করা।
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন করা।
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন করা।

১.৪ কোম্পানীর কার্যাবলি (Functions) ঃ

১. বাল্ক এলপিজি ক্রয়, বিক্রয়, আমদানি ও বিতরণ করা।
২. এলপিজি বোতলজাত, বিতরণ ও বাজারজাতকরণ।
৩. বাল্ক এলপিজি আমদানিকরণ টার্মিনাল নির্মাণ ও মজুদের জন্য প্রয়োজনীয় স্টোরেজ ট্যাংক নির্মাণ।
৪. এলপিজি'র বিপণন ব্যবস্থার উন্নয়ন।
৫. বোতলজাত এলপিজি ভোক্তাগণের নিকট বিতরণ ও বিপণন।
৬. ম্যানেজিং এজেন্ট হিসেবে দায়িত্ব পালন বা যে কোন ফার্ম বা কোম্পানীর সঙ্গে যে কোন ব্যবস্থাপনার চুক্তি বা অন্য কোন প্রকারের চুক্তি বা কন্ট্রাক্ট সম্পাদন।

সেকশন ২

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন ২০১৫-১৬	প্রকৃত অর্জন ২০১৬-১৭*	লক্ষ্যমাত্রা মান/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2016-17) অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে	প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯	প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
কোম্পানীর কৌশলগত উদ্দেশ্যসমূহ														
১) অভ্যন্তরীণ উৎস হতে বাল্ক এলপিজি ক্রয় এবং নতুন সিলিন্ডার ক্রয়/আমদানি ও পুরাতন সিলিন্ডার মেরামত	৪০	১.১) অভ্যন্তরীণ উৎস হতে বাল্ক এলপিজি ক্রয় কার্যক্রম	১.১.১) বাল্ক এলপিজি ক্রয়	লক্ষ মেঃ টন	২৫	০.১৬৩	০.১৬৪	০.১৬৫	০.১৬০	০.১৫৫	০.১৫০	০.১৪৫	০.১৬৫	০.১৬৫
		১.২) নতুন সিলিন্ডার ক্রয়/আমদানি কার্যক্রম	১.২.১) নতুন সিলিন্ডার ক্রয়/আমদানি	লক্ষ পিস	৫	০.২০	০.২০	০.২০	০.১৬	০.১৪	০.১২	০.১০	০.২০	০.২০
		১.৩) পুরাতন সিলিন্ডার মেরামত কার্যক্রম	১.৩.১) পুরাতন সিলিন্ডার মেরামত	লক্ষ পিস	১০	০.০৮	০.০৮	০.০৮	০.০৭৫	০.০৭	০.০৬৫	০.০৬	০.১০	০.১২
২) স্টক সংরক্ষণ এবং এলপিজি বোতলজাতকরণ	১৫	২.১) স্টক সংরক্ষণ কার্যক্রম	২.১.১) স্টক সংরক্ষণ	লক্ষ পিস	৫	০.১২	০.১২	০.১২	০.১১	০.১০	০.০৯	০.০৮	০.১২	০.১৩
		২.২)এলপিজি বোতলজাতকরণ কার্যক্রম	২.২.১) এলপিজি বোতলজাতকরণ	লক্ষ পিস	১০	১৩.০৪	১৩.১২	১৩.৫০	১৩.৪০	১৩.৩০	১৩.২০	১৩.১০	১৩.৫০	১৩.৬০
৩) এলপি গ্যাস এবং নতুন সিলিন্ডার বিতরণ	২০	১.১) এলপি গ্যাস বিতরণ কার্যক্রম	১.১.১) এলপি গ্যাস বিতরণ	লক্ষ পিস	১০	১৩.০৪	১৩.১২	১৩.৫০	১৩.৪০	১৩.৩০	১৩.২০	১৩.১০	১৩.৫০	১৩.৬০
		১.২) নতুন সিলিন্ডার বিতরণ কার্যক্রম	১.২.১) নতুন সিলিন্ডার বিতরণ	লক্ষ পিস	১০	০.২০	০.২০	০.২০	০.১৬	০.১৪	০.১২	০.১০	০.২০	০.২০
৪) জনশক্তির উন্নয়ন	৫	১.১) প্রশিক্ষণ কার্যক্রম	১.১.১) কর্মকর্তা ও কর্মচারীর প্রশিক্ষণ	জন সংখ্যা	৫	৭	৯	৫০	৪০	৩০	২০	১০	৫০	৫০

সাময়িক*

কোম্পানীর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪		কলাম-৫	কলাম-৬				
কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্ম সম্পাদন সূচকের মান (Weight of PI)	লক্ষ্যমাত্রার মান- ২০১৬-১৭ (Target Value- 2017-18)				
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতি মানের নিম্নে (Poor)
						১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
দক্ষতার সংগে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	৪	২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল	নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত	তারিখ	১	১৭ এপ্রিল	১৯ এপ্রিল	২০ এপ্রিল	২৩ এপ্রিল	২৫ এপ্রিল
		২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ	ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	৪	৩	-	-	-
		২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল	নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	১৫ জানুয়ারি	১৬ জানুয়ারি	১৭ জানুয়ারি	১৮ জানুয়ারি	২১ জানুয়ারি
		২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদস দাখিল	বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	১৩ জুলাই	১৬ জুলাই	১৮ জুলাই	২০ জুলাই	২৩ জুলাই
কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন	৯	মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে কমপক্ষে একটি অনলাইন সেবা চালু করা	অনলাইন সেবা চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	-	-
		দপ্তর/সংস্থার কমপক্ষ ১টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত	সেবাপ্রক্রিয়া সহজীকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	১৫ মার্চ	-
		উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প(এসআইপি) বাস্তবায়ন	উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়িত	তারিখ	১	৪ জানুয়ারি	১১ জানুয়ারি	১৮ জানুয়ারি	২৫ জানুয়ারি	৩১ জানুয়ারি
			এসআইপি বাস্তবায়িত	%	১	২৫				
		পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিতকরণ	সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন পত্র যুগপৎ জারিকৃত	%	১	১০০	৯০	৮০	-	-
		সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদান	প্রকাশিত সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত	%	১	১০০	৯০	৮০	৭০	৬০
		অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	নিষ্পত্তিকৃত অভিযোগ	%	১	৯০	৮০	৭০	৬০	-
		সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা	নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	-	-
		সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা	সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	-	-

কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪		কলাম-৫	কলাম-৬				
কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্ম সম্পাদন সূচকের মান (Weight of PI)	লক্ষ্যমাত্রার মান- ২০১৬-১৭ (Target Value- 2017-18)				
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতি মানের নিম্নে (Poor)
						১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন	৪	সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণের সময়	জনঘন্টা	২	৬০	৫৫	৫০	৪৫	৪০
		জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন	২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত	তারিখ	১	১৬ জুলাই	৩১ জুলাই	-	-	-
			নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	৪	৩	-	-	-
তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ	১	তথ্য বাতায়ন হালনাগাদকরণ	তথ্য বাতায়ন হালনাগাদকৃত	%	০.৫	৮০	৭০	৬০	-	-
		স্বপ্রণোধিত তথ্য প্রকাশিত	স্বপ্রণোধিত তথ্য প্রকাশিত	%	০.৫	১০০	৯০	৮৫	৮০	৭৫
আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন	২	অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	২	৫০	৪৫	৪০	৩৫	৩০

আমি, ব্যবস্থাপনা পরিচালক, এলপি গ্যাস লিমিটেড বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর চেয়ারম্যান মহোদয়ের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত

ব্যবস্থাপনা পরিচালক এলপি গ্যাস লিমিটেড	২৫/০৬/২০১৭ তারিখ

[illegible] উজ্জামান
ব্যবস্থাপনা পরিচালক
এলপি গ্যাস লিমিটেড

চেয়ারম্যান বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন	১৫/০৬/২০১৭ তারিখ

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
চেয়ারম্যান
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

সংযোজনী-১

শব্দসংক্ষেপ
(Acronyms)

ক্রমিক নং	শব্দসংক্ষেপ	বিবরণ
১	আরএফপি	রিকুয়েস্ট ফর প্রোপোজাল
২	আরপিজিসিএল	রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড
৩	ইআরএল	ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড
৪	ইওআই	এক্সপ্রেশন অব ইন্টারেস্ট
৫	এলপিজিএল	এলপি গ্যাস লিমিটেড
৬	এলপিজি	লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস
৭	জেডিসি	জয়েন্ট ডিপ সার্টিফিকেট
৮	ডিপিপি	ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রপোজাল
৯	পিআরএল	পোষ্ট রিটায়ারমেন্ট লীভ
১০	পিওএল	পেট্রোলিয়াম, অয়েল এন্ড লুব্রিকেন্টস
১১	পিপিপি	পাবলিক প্রাইভেট পার্টনারশীপ
১২	বিআইডব্লিউটিএ	বাংলাদেশ ইনল্যান্ড ওয়াটার ট্রান্সপোর্ট অথরিটি
১৩	বিপিসি	বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
১৪	মেঃ টন	মেট্রিক টন

সংযোজনী- ২ ঃ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতির বিবরণ

ক্রমিক নম্বর	কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী	পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র	সাধারণ মন্তব্য
১	ইআরএল ও আরপিজিসিএল হতে বাল্ক এলপিজি ক্রয়	স্থানীয় উৎস হতে বাল্ক এলপিজি ক্রয়	ভোক্তাসাধারণের দোরগোড়ায় বোতলজাত এলপিজি পৌছানোর লক্ষ্যে অভ্যন্তরীন উৎস যথা- ইআরএল ও আরপিজিসিএল-এ উৎপাদিত বাল্ক এলপিজি ক্রয় ও বোতলজাত করতঃ বিপণন কোম্পানীসমূহকে সরবরাহ।	এলপি গ্যাস লিমিটেড	ইআরএল থেকে জেডিসি'র মাধ্যমে এবং আরপিজিসিএল থেকে ফ্লো মিটারের মাধ্যমে। এলপিজিএল-এর বার্ষিক প্রতিবেদন।	
২	বাল্ক এলপিজি আমদানি	আন্তর্জাতিক বাজার থেকে বাল্ক এলপিজি ক্রয়	অভ্যন্তরীন উৎস হতে উৎপাদিত এলপিজি পর্যাপ্ত নয় বিধায় আমদানি করা প্রয়োজন হবে।	এলপি গ্যাস লিমিটেড	ফ্লো মিটার এবং এলপিজিএল-এর বার্ষিক প্রতিবেদন	
৩	মজুদক্ষমতা বৃদ্ধিকরণ	এলপিজি স্টোরেজ ক্ষমতা বৃদ্ধি	দৈনিক চাহিদা পূরণের জন্য এলপিজি'র পর্যাপ্ত পরিমাণ সরবরাহ অত্যন্ত জরুরী। নিরবচ্ছিন্ন বোতলজাত এলপিজি সরবরাহের লক্ষ্যে মজুদ ক্ষমতা বৃদ্ধিকরণ প্রয়োজন।	এলপি গ্যাস লিমিটেড	এলপিজিএল-এর বার্ষিক প্রতিবেদন	

সংযোজনী- ৩ ঃ কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা

প্রতিষ্ঠানের নাম	কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা	চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	অনুমোদন	প্রশাসনিক ও আর্থিক অনুমোদন	সরকারি নীতিমালা অনুযায়ী	কার্যক্রম ব্যাহত হবে।
অর্থ বিভাগ	অনুমোদন	আর্থিক বন্টন	সরকারি নীতিমালা অনুযায়ী	কার্যক্রম ব্যাহত হবে।
পরিকল্পনা কমিশন	অনুমোদন	ডিপিপি অনুমোদন	সরকারি নীতিমালা অনুযায়ী	প্রজেক্ট বাস্তবায়িত হবে না।
বিআইডব্লিউটিএ	পরিবহন	নদীপথে এলপিজি পরিবহন	নদীপথে কম পরিবহণ খরচে এলপিজি সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে	পরিবহন ব্যাহত হবে।